



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক (সম্মান) ১ম বর্ষের (ইউনিট-C) পরীক্ষা অনুষ্ঠিত



১০ মে ২০২৪-শুক্রবার GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় ইউনিট-C (বাণিজ্য শাখা) এর পরীক্ষা সম্পন্ন হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি বিভিন্ন হল পরিদর্শন করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ, প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকির হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



আজকের ভর্তি পরীক্ষায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্র ও এর আওতায় থাকা উপকেন্দ্রগুলোতে (উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ এবং ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল) ১৭ হাজার ২৩৮ জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়। তন্মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ১২,৫১৩ জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়।